সাবেক মন্ত্রীর ভাই মৃদুলের স্থাবর ও অস্থাবর সম্পত্তি ক্রোকের নির্দেশ

সাবেক জনপ্রশাসন মন্ত্রী ফরহাদ হোসেনের ভাই শহীদ সরফরাজ মৃদুলের স্থাবর ও অস্থাবর সম্পত্তির ক্রোকের আদেশ দিয়েছেন আদালত।

মামলার বিবরণে জানা গেছে, ২০২৪ সালে এনআই এ্যাক্টের ১৮ ধারায় মেহেরপুরের যুগ্ম দায়রা জজ ২য় আদালতে সাবেক জনপ্রশাসন মন্ত্রী ফরহাদ হোসেনের ভাই শহীদ সরফরাজ মৃদুলের বিরুদ্ধে ১কোটি ৮০ লাখ টাকার চেক ডিজঅনার মামলা করেন তার ব্যবসায়ী অংশিদার দেবাশীষ কুমার বাগচি। যার মামলা নম্বর- এস.সি-১৫৬/২০২৪।

ওই মামলায় ২০২৫ সালের ২৩ ফেব্রুয়ারি আদালত সরফরাজ হোসেনের মৃদুলকে ১কোটি ৮০ লাখ টাকার দ্বিগুন জরিমানা ও এক বছরের সাজা প্রদান করে রায় দেন। রায় ঘোষণার নির্দিষ্ট সময় পার হলেও আসামি সরফরাজ হোসেন মৃদুল কোন আপিল করেননি।

পরবর্তিতে ২০২৬ সালের ২৯ জানুয়ারি বাদি ফৌজদারি কার্যবিধির ১৮৬ ধারা মতে জরিমানা টাকা আদায়ের জন্য একই আদালতে আবেদন করেন। আদালতের বিচারক মোঃ ওয়াহিদুজ্জামান আবেদনটি আমলে নিয়ে চলতি বছরের ৯ ফেব্রুয়ারি জরিমানার টাকা আদায়ে আসামির স্থাবর ও অস্থাবর সম্পত্তি ও মালামাল ক্রোক করার জন্য মেহেরপুর সদর থানার ওসিকে নির্দেশ দেন । একই আদেশের কপি জেলা ম্যাজিষ্ট্রেটকেও পাঠানো হয়।

আসামী শহীদ সরফরাজ মৃদুলের মালিকানাধীন ৩কোটি ৬০ লাখ টাকা সমপরিমাণ স্থাবর ও অস্থাবর সম্পত্তির একটি তালিকায় আদেশের সাথে সংযুক্ত করা হয়েছে।

অস্থাবর সম্পত্তির মধ্যে রয়েছে ৩টি সিলিং ফ্যান, ১টি ফ্রিজ, ২টি খাট, এক সেট সোফা, ২টি আলমিরা, ১টি ড্রেসিং টেবিল, ১টি এসি। যেগুলোর মুল্য নির্ধারণ করা হয়েছে ১লাখ ৫০ হাজার টাকা।

এছাড়া স্থাবর সম্পত্তির মধ্যে রয়েছে ঝাউবাড়িয়া মৌজায় ৬৬৯২ নম্বর খতিয়ানে ২.৮২৯২ একর জমি, মেহেরপুর মৌজার ১৩৩১৭ নম্বর খতিয়ানে ০.০০৩২ একর জমি, ২৯৬৩/২ নম্বর খতিয়ানে ০.০২৭৫ একর জমি, একই

খতিয়ানের ভিন্ন দাগে ০.০০২৫ একর জমি, ১১৭১৮ নম্বর খতিয়ানের ০.০৪২১ একর জমি, হরিরামপুর মৌজায় ১৬০১ নম্বর খতিয়ানে ০.৪৬ একর জমি। মোট অস্থাবর সম্পত্তি ৩.৩৬৪৫ একর জমি যার মূল্য নির্ধারণ করা হয়েছে ৩ কোটি ৫৮ লাখ ৫০ হাজার টাকা।

এ বিষয়ে মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) হুমায়ুন কবির বলেন, “ ক্রোক আদেশের নথি ঈদের আগ পযর্যন্ত পাইনি। ছুটি শেষ করে রবিবার অফিস করবো। আদেশ কপি পেলে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।”

মেহেরপুরের হাসপাতাল রোডে সিঙ্গাপুর ক্লিনিকের উদ্বোধন

মেহেরপুর শহরের হাসপাতাল রোডে নতুন করে যাত্রা শুরু করেছে “সিঙ্গাপুর ক্লিনিক এন্ড ডায়াগনস্টিক সেন্টার” ও “জীম ফার্মেসি-২”।

মঙ্গলবার সকালে শহরের হাসপাতাল রোডের সিঙ্গাপুর টাওয়ারে এ দুটি প্রতিষ্ঠানের উদ্বোধন অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত উদ্বোধন করেন লেঃ কর্ণেল (অবঃ) প্রফেসর ডাঃ মোঃ আব্দুল ওয়াহাব। এসময় প্রতিষ্ঠানের প্রোপাইটর শেখ মোঃ শরিফ রেজা (পান্না)সহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

নব প্রতিষ্ঠিত এই ক্লিনিক ও ডায়াগনস্টিক সেন্টারের মাধ্যমে আধুনিক চিকিৎসা সেবা পাওয়া যাবে বলে আশা প্রকাশ করেন সংশ্লিষ্টরা।

পাশাপাশি জীম ফার্মেসি-২ এর মাধ্যমে এলাকাবাসী সহজে ও দ্রুত ওষুধ সংগ্রহ করতে পারবেন বলেও জানান তারা।

গাংনীতে তেল পাম্পে বিএনপি নেতাকে বেধড়ক পিটুনি

মেহেরপুরের গাংনী উপজেলায় একটি ফিলিং স্টেশনে বিএনপি নেতাকে গণপিটুনি দেওয়ার ঘটনা ঘটেছে। মঙ্গলবার (২৪ মার্চ) দুপুরে উপজেলার গোপালনগর গ্রামের রুপক ফিলিং স্টেশনে এ ঘটনা ঘটে।

আহত আব্দুল ওহাব বুলবুল গাংনী উপজেলা বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক।

স্থানীয় সূত্র জানায়, দুপুরের দিকে মোটরসাইকেলে জ্বালানি তেল নিতে ফিলিং স্টেশনে যান বুলবুল। এ সময় স্টেশনের কর্মচারী ও স্থানীয় কয়েকজন যুবকের সঙ্গে তার কথাকাটাকাটি শুরু হয়। মুহূর্তেই উত্তপ্ত পরিস্থিতি হাতাহাতি ও সংঘর্ষে রূপ নেয়। একপর্যায়ে উপস্থিত কয়েকজন মিলে তাকে বেধড়ক পিটুনি দেন।

ঘটনাস্থলে তখন কোনো পুলিশ সদস্য না থাকায় পরিস্থিতি আরও উত্তেজনাপূর্ণ হয়ে ওঠে বলে প্রত্যক্ষদর্শীরা জানান। পরে স্থানীয়রা তাকে উদ্ধার করে প্রাথমিক চিকিৎসার ব্যবস্থা করেন।

এ বিষয়ে গাংনী থানার ওসি উত্তম কুমার দাস এশিয়া পোস্টকে বলেন, খবর পেয়ে ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। পরিস্থিতি বর্তমানে নিয়ন্ত্রণে রয়েছে। বিষয়টি তদন্ত করে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

গাংনীতে আওয়ামী লীগের নেতাকর্মীদের কুপিয়ে জখম করলেন

বিএনপি নেতা

মেহেরপুরের গাংনীতে ঘোষণা দিয়ে আওয়ামী লীগের নেতাকর্মীদের কুপিয়ে জখম করার অভিযোগ উঠেছে বিএনপির এক নেতার বিরুদ্ধে। এ ঘটনায় সৃষ্ট সংঘর্ষে উভয় পক্ষের নারীসহ ১৩ জন আহত হয়েছেন। আহতদের মধ্যে বেশ কয়েকজনের অবস্থা আশঙ্কাজনক।

আজ সোমবার দিবাগত রাত সাড়ে ৮টার দিকে গাংনী উপজেলার সাহারবাটি গ্রামে এ ঘটনা ঘটে। আহতদের উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও কুষ্টিয়া জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে।

আহতদের মধ্যে সাহারবাটি গ্রামের কড়ইতলা পাড়া এলাকার ইমন আলীর স্ত্রী রিয়া খাতুন (৪০), তরিকুল ইসলামের ছেলে শরিফুল ইসলাম (৪৩), চাঁদ আলী মোল্লার ছেলে রফিকুল ইসলাম (৬০), মুন্তাজ আলী (৫০), নেঙ্গার আলীর ছেলে হামিদুল ইসলাম (৫০), মাঠপাড়া এলাকার আব্দুর রাজ্জাকের ছেলে মিথুন হোসেন (৩০), সামসদ্দীনের ছেলে আইনাল হক (৫০), আনসারুল ইসলাম (৬৫) ও তার স্ত্রী শাহানারা বেগম (৬০) রয়েছেন। অপরদিকে হামলাকারী বিএনপি নেতা দবির হোসেনের ভাই আব্দুল খালেক ও আব্দুল মালেক আহত হয়েছেন।

বিএনপি নেতা দবির হোসেন জানান, বিগত ১৭ বছর ধরে স্থানীয় ইউপি সদস্য আওয়ামী লীগ নেতা আব্বাস আলী তাদের পরিবারের ওপর নির্যাতন-জুলুম চালিয়ে আসছিলেন। তারা তাদের গোয়ালের গরু পর্যন্ত নিয়ে গেছে এবং মাঠের ফসল তুলতে দেয়নি। তাই ‘মারের বদলে মার’ নেওয়া হয়েছে বলে তিনি দাবি করেন।

এদিকে ইউপি সদস্য ও আওয়ামী লীগ নেতা আব্বাস আলী জানান, ৫ তারিখের পর থেকেই দবির উদ্দীন তাদের কাছ থেকে বিভিন্ন সময়ে চাঁদা দাবি করে আসছিল। তারা বেশ কয়েকবার চাঁদা দিয়েছেন। আজ আবারও চাঁদা চেয়ে না পেয়ে তার বাবা-মায়ের ওপর হামলা চালানো হয়। বর্তমানে তার বাবা কুষ্টিয়া জেনারেল হাসপাতালে ভর্তি রয়েছেন।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) উত্তম কুমার দাস বলেন, সকালের মারামারির পর সেখানে পুলিশ গিয়েছিল। আবারও সন্ধ্যায় মারামারি হয়েছে এমন খবর পাওয়ার পরপরই সেখানে পুলিশ পাঠানো হয়েছে। বর্তমানে এলাকা শান্ত রয়েছে। এ ঘটনায় মামলা দায়ের করলে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।

[redacted]

[redacted]

বিকেলে রজত জয়ন্তী উদযাপন উপলক্ষে বিশেষ সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

গাংনীতে ইউপি সদস্যের বাবা- মায়ের ওপর হামলা, আহত ৫

মেহেরপুরের গাংনীর সাহারবাটীতে পূর্ব শত্রুতার জেরে ইউপি সদস্যের পিতা আনসারুল ইসলাম (৬৫) ও তার স্ত্রী শাহানারা বেগমকে পিটিয়ে জখম করেছে প্রতিপক্ষ দবীর হোসেন ও তার লোকজন। আজ সোমবার (২৩ মার্চ) সকালে এ হামলার ঘটনা ঘটে।

আহত আনসারুল ইসলামকে প্রথমে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে প্রাথমিক চিকিৎসা দিয়ে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে রেফার করা হয়েছে।

তবে আনসারুল ইসলামের অবস্থা আশঙ্কাজনক বলে জানিয়েছেন কর্তব্যরত চিকিৎসক। আহত শাহানারা বেগমকে প্রাথমিক চিকিৎসা দেওয়া হয়েছে। এদিকে হামলাকারী দবীর হোসেন ও তার দুই ভাই খালেক ও আব্দুল মালেক আহত হয়েছেন বলে দাবি করেছেন। তারাও স্থানীয়ভাবে চিকিৎসা নিয়েছেন।

আহত আনসারুল ইসলামের ছেলে স্থানীয় ইউপি সদস্য আব্বাস আলী জানান, ৫ আগস্টের পর মোটা অঙ্কের টাকা চাঁদা দাবি করে বিএনপির স্থানীয় কর্মী দবীর ও তার লোকজন। এর আগেও তিনি গোপনে কিছু টাকা দিয়েছেন।

পরে আবারও টাকা চাইলে তিনি দিতে রাজি না হওয়ায় সকালে দবীর ও তার দুই ভাই তার বাবা ও মাকে লোহার রড দিয়ে মারধর করে।

তার বৃদ্ধ বাবা ও মাকে আহত অবস্থায় উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়া হলে প্রাথমিক চিকিৎসা দেওয়া হয়। বাবার অবস্থা আশঙ্কাজনক হওয়ায় চিকিৎসক তাকে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে রেফার করেন।

এ বিষয়ে দবীর উদ্দীন জানান, আওয়ামী লীগ সরকারের সময় তার ওপর চরম

অত্যাচার করে আব্বাস মেম্বার ও তার বাবা। জোর করে তার গোয়াল থেকে গরু-ছাগল নিয়ে যায় তারা। মাঠের আবাদ ঘরে তুলতে দেয়নি আব্বাস মেম্বার ও তার লোকজন। তাই ‘মাইরের বদলে মার’ দেওয়া হয়েছে বলে তিনি দাবি করেন। এ সময় তার দুই ভাই আব্দুল খালেক ও মালেক আহত হয়েছে বলেও জানান।

সাবেক ইউপি সদস্য ফরমান আলী বলেন, এ হামলা খুবই ন্যাক্কারজনক। একজন বৃদ্ধ মানুষের ওপর হামলা করা উচিত হয়নি। এ হামলার তীব্র নিন্দা জানিয়ে তিনি বলেন, কোনো রাজনৈতিক দ্বন্দ্বে তাকে হামলা করা হয়নি, এটি পারিবারিক দ্বন্দ্ব। দবীর বিভিন্ন মানুষের ওপর একের পর এক হামলা ও জোরজুলুম চালিয়ে আসছে।

গাংনী থানার অফিসার ইনচার্জ (ওসি) উত্তম কুমার বলেন, বিষয়টি জানতে পেরে ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। বর্তমানে পরিস্থিতি শান্ত রয়েছে। তবে ইউপি সদস্য আব্বাস আলী লিখিত অভিযোগ করেছেন। তদন্তপূর্বক দোষীদের বিরুদ্ধে আইনি পদক্ষেপ নেওয়া হবে।

মুজিবনগরে গোপালনগর মাধ্যমিক

বালিকা বিদ্যালয়ের রজত জয়ন্তী উদযাপন

মুজিবনগরে র্যালী আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের মধ্যদিয়ে
গোপালনগর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের রজত জয়ন্তী উদযাপিত
হয়েছে।
রজত জয়ন্তী উপলক্ষে বসে ছিল গোপালনগর মাধ্যমিক বালিকা
বিদ্যালয়ে সাবেক, বর্তমান, শিক্ষার্থী, শিক্ষক,বিদ্যালয়ের প্রতিষ্ঠাতা সদস্য সদস্যা সহ ম্যানিজিং কমিটির সদস্যদের মিলনমেলা।
অনুষ্ঠানের শুরুতেই শিক্ষক প্রতিষ্ঠাতা সদস্য সাবেক ও বর্তমান শিক্ষার্থীদের নিয়ে একটি বর্ণাঢ্য র্যালি অনুষ্ঠিত হয।
র্যালি শেষে শুরু হয় আলোচনা সভা ও স্মৃতিচারণ ।
গোপালনগর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক জহুরুল ইসলামের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত

ছিলেন, কুষ্টিয়া ইসলামী বিশ্ববিদ্যালয়ের সহযোগী অধ্যাপক আব্দুর রাজ্জাক। গোপালনগর মাধ্যমিক বালিকা বিদ্যালয় এর সহকারী শিক্ষক হেলাল উদ্দিনের সঞ্চালনায়, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, ঢাকা শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের প্রশাসনিক কর্মকর্তা আমিনুল ইসলাম ও আতিয়ার রহমান।
আলোচনা সভায় বক্তারা বিদ্যালয় প্রতিষ্ঠাকালীন বিভিন্ন স্মৃতি তুলে ধরে বক্তব্য প্রদান করেন। বিদ্যালয়ের সাবেক শিক্ষার্থীরা অনুষ্ঠানের অতিথিদের ফুল দিয়ে বরণ করে নেনন।
আলোচনা সভার শেষে বিদ্যালয়ের সাবেক ছাত্রীদের বিদ্যালয়ের পক্ষ থেকে সম্মাননা ক্রেস্ট প্রদান করা হয়। একই সঙ্গে আমন্ত্রিত অতিথিদেরও বিশেষ সম্মাননা ক্রেস্ট প্রদান করা হয়। বিকেলে রজত জয়ন্তী উদযাপন উপলক্ষে বিশেষ সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

মেহেরপুরে মোটরসাইকেল নিয়ন্ত্রণ হারিয়ে যুবক নিহত

বোনকে শশুর বাড়ি পৌঁছে দিয়ে বাড়ি ফেরার পথে প্রাণ হারালেন রাসেল আহমেদ নামের এক যুবক।

আজ সোমবার (২৩ মার্চ) সন্ধ্যায় েেমেহরপুর-বুড়িপোঁতা সড়কে এই দুর্ঘটনা ঘটে। নিহত রাসেল মেহেরপুর সদর উপজেলার বুড়িপোঁতা গ্রামের জববার আলীর ছেলে।

স্থানীয়দের বরাত দিয়ে মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) হুমায়ুন কবির জানান, নিহত রাসেল তার বোনকে শশুর বাড়ি পৌঁছে দিয়ে বেপরোয়া গতিতে বাড়ি ফিরছিলেন।

নিজ গ্রাম বুড়িপোঁতা পৌঁছানো মাত্র মোটরসাইকেল নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার পাশের একটি গাছের সাথে ধাক্কা লেগে গুরুতর আহত হন। স্থানীয়রা রাসেলকে উদ্ধার করে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

পরিবারের পক্ষ থেকে কোনো অভিযোগ না থাকায় পারিবারিকভাবে দাফনের অনুমতি দেয়া হয়েছে।

মুজিবনগরে যুবদল নেতার উদ্যোগে ঈদ উপহার বিতরণ

মুজিবনগর উপজেলা যুবদলের আহ্বায়ক আবুল হাসানের পারিবারিক উদ্যোগে অসহায় মানুষের মাঝে ঈদ উপহার সামগ্রী বিতরণ করা হয়েছে।

বুধবার দুপুরে দারিয়াপুর ইউনিয়নের ৬০ জন অসহায় মানুষের মাঝে এসব ঈদ উপহার সামগ্রী বিতরণ করা হয়। ঈদকে সামনে রেখে সুবিধাবঞ্চিত মানুষ যাতে স্বাচ্ছন্দ্যে ঈদ উদযাপন করতে পারে, সে লক্ষ্যেই এ উদ্যোগ নেওয়া হয়।

আবুল হাসান জানান, তিনি প্রতি বছরই তার পরিবারের পক্ষ থেকে সামর্থ্য অনুযায়ী মানুষের পাশে দাঁড়ানোর চেষ্টা করেন। এবছরও তার ব্যতিক্রম হয়নি। তিনি বলেন, “আমার ইউনিয়নসহ মুজিবনগর উপজেলার প্রতিটি মানুষ যেন সুখে-স্বাচ্ছন্দ্যে ঈদ পালন করতে পারে, সেটাই আমার প্রত্যাশা।”

এবারের ঈদ উপহার প্যাকেজে ছিল পোলাও চাল, ময়দা, চিনি, সাবান, আলু, রসুন, পেঁয়াজ ও সেমাই।

এ সময় তিনি বাংলাদেশের সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া-এর রুহের মাগফিরাত কামনায় সকলের কাছে দোয়া প্রার্থনা করেন।

এর আগে রমজান উপলক্ষে আবুল হাসানের পরিবারের পক্ষ থেকে ইউনিয়নের ৫০ জন অসহায় মানুষের মাঝে ইফতার সামগ্রীও বিতরণ করা হয়েছিল।

এপেক্স ক্লাব অব মেহেরপুরের

উদ্যোগে ইফতার ও ঈদ সামগ্রী বিতরণ

এপেক্স ক্লাব অব মেহেরপুরের উদ্যোগে গাংনীতে ইফতার ও ঈদ সামগ্রী বিতরণ করা হয়েছে।

বুধবার বিকেলে গাংনী সরকারি ডিগ্রি কলেজ রোডে জামান এন্টারপ্রাইজের সামনে ভ্যান ও রিকশা শ্রমিকদের মাঝে এসব ঈদ সামগ্রী বিতরণ করা হয়। এ সময় অসহায় ও শ্রমজীবী মানুষের মাঝে ইফতার সামগ্রীও প্রদান করা হয়।

ঈদ সামগ্রী বিতরণ শেষে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে এপেক্স ক্লাব অব মেহেরপুরের সভাপতি জুলফিকার আলি ভুট্টোর সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক নাফিউল ইসলামের সঞ্চালনায় অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সন্ধানী সংস্থার নির্বাহী পরিচালক আবু জাফর, এপেক্স ক্লাব জেলা-০৬ এর গভর্নর রফিকুল আলম বকুল, ক্লাবের সিনিয়র ভাইস প্রেসিডেন্ট নুরুজ্জামান, ভাইস প্রেসিডেন্ট এম এ বাশার, সার্জেন্ট অব আর্মস অনিক হাসানসহ ক্লাবের অন্যান্য সদস্যরা।

বক্তারা এপেক্স ক্লাবের সার্বিক কর্মকাণ্ডে সন্তোষ প্রকাশ করেন এবং ক্লাবের কার্যক্রম আরও গতিশীল করার ওপর গুরুত্বারোপ করেন। পাশাপাশি মেহেরপুর এপেক্স ক্লাবকে খুলনা বিভাগের মধ্যে শ্রেষ্ঠ ক্লাব হিসেবে প্রতিষ্ঠিত করতে সবাইকে সম্মিলিতভাবে কাজ করার আহ্বান জানান।